ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল

বিষয় ঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন গুলশান এভিনিউর পাকিস্তান এম্বেসী হতে শুটিং ক্লাব পর্যন্ত সড়ক এবং উত্তরাস্থ সোনারগাঁও জনপথ রোডে বিদ্যমান বিভিন্ন সংস্থার ওভারহেড ক্যাবল সমুহ পরিকল্পিতভাবে মাটির নিচে স্থানান্তর বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী।

সভাপতি	ঃ ব্রিঃ জেনাঃ মুহঃ আমিরুল ইসলাম, পিএসসি প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
সভার তারিখ ও সময়	ঃ ১৭/০৮/২০২০ ইং; সকাল ১১ঃ০০ ঘটিকা।
সভার স্থান	ঃ নগর ভবন সম্মেলন কক্ষ, লেভেল-৮, গুলশান, ঢাকা।।
সভার উপস্থিতি	ঃ পরিশিষ্ট -ক

১.০ **আলোচনাঃ**

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী, ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল বলেন, ডিএনসিসি এলাকার সৌন্দর্য বৃদ্ধির লক্ষ্যে পরিকল্পিতভাবে বিভিন্ন সড়কে এলোমেলোভাবে বিদ্যমান ক্যাবল যথা- বৈদ্যুতিক ক্যাবল, ইন্টারনেট ক্যাবল, ক্যাবল অপারেটর, ইত্যাদির ক্যাবলসমুহ ওভারহেড অবস্থা থেকে মাটির নিচে স্থানান্তরের বিষয়ে মাননীয় মেয়র মহোদয়ের সভাপতিত্বে গত ২৯/০৭/২০২০ ইং তারিখে সংশ্লিষ্ট সংস্থার (আইএসপিএবি, কোয়াব, এনটিটিএন, ইত্যাদি) সাথে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় **"গ্রাহক পর্যায়ে সেবা মূল্য বৃদ্ধি না করে আগামী ০১ অক্টোবর ২০২০ ইং তারিখের মধ্যে গুলশান এভিনিউ এর পাকিস্তান এম্বেসি হতে গুলশান শুটিং ক্লাব পর্যন্ত প্রধান সড়কে বিদ্যমান সকল ওভারহেড ক্যাবল মাটির নিচে স্থানান্তর করতে হবে"** মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর মাননীয় মেয়র মহোদয়ের সভার উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে সভাপতি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি উল্লেখ করেন, গুলশান এভিনিউর পাকিস্তান এম্বেসী হতে শুটিং ক্লাব পর্যন্ত সড়কে বিদ্যমান ওভারহেড ক্যাবল সমুহ ০১ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে মাটির নিচে স্থানান্তর করার জন্য দ্রুত কার্যক্রম গ্রহন করতে হবে। এবিষয়ে তিনি সভায় উপস্থিত সংশ্লিষ্ট সংস্থার সকল প্রতিনিধিকে অনুরোধ করেন।

অতঃপর সভায় উপস্থিত ফাইবার এট হোম এর প্রতিনিধি জানান, ইতিমধ্যে মহাখালী ডিওএইচএস এলাকার সকল ওভারহেড ক্যাবল মাটির নিচে স্থানান্তর করা হয়েছে। উক্ত ক্যাবল ব্যবহার করে বিভিন্ন অপারেটরগন তাদের সেবা প্রদান করছে; তিনি আরো জানান, গুলশান এভিনিউ এ ফাইবার এট হোম এর নিজস্ব ব্যবস্থাপনায় হাউজহোল্ড কানেকশন রয়েছে; যা সহজেই ক্যাবল অপারেটরগন, আইএসপি-গন ব্যবহার করতে পারেন। উক্ত এভিনিউর সকল বাড়ী পুনরায় সরেজমিনে পরিদর্শন করে যে সকল বাড়ীতে হাউজহোল্ড কানেকশন নাই তা দ্রুত স্থাপনের কার্যক্রম গ্রহন করা হবে। ডিএনসিসি এলাকার বিদ্যমান ওভারহেড ক্যাবল সমুহ মাটির নিচে স্থানান্তরের বিষয়ে বিটিআরসি হতে প্রয়োজনীয় কার্যক্রম জোরদার করা প্রয়োজন মর্মে তিনি জানান।

অতঃপর সভায় উপস্থিত সামিট কমিউনিকেশন এর প্রতিনিধি জানান, সরকারের পুর্ব অনুমোদন গ্রহন পুর্বক ফাইবার ক্যাবল স্থাপন করে ট্রান্সমিশন কাজ বাস্তবায়ন করার জন্য কয়েকটি প্রতিষ্ঠান রয়েছে। উক্ত প্রতিষ্ঠান যেমন- ফাইবার এট হোম, সামিট কমিউনিকেশন, বাহন, ইত্যাদি কর্তৃক স্থাপিত ক্যাবল এর মাধ্যমে ইন্টারনেট সেবাদানকারী অপারেটরগন সেবা প্রদান করার বিধান থাকলেও অনেকক্ষেত্রে তা প্রতিপালন হচ্ছে না; ফলে ডিএনসিসি এলাকায় ওভারহেড ক্যাবল এর পরিমান দিনদিন বৃদ্ধি পাচ্ছে। তিনি আরো বলেন, গুলশান এভিনিউতে উক্ত সংস্থার ডোর টু ডোর সেবা দেয়ার জন্য প্রতিটি বাড়ীর সাথে হাউজহোল্ড কানেকশন স্থাপন কাজ এখনো সম্পন্ন করা সম্ভব হয়নি, যে সকল বাড়ীতে হাউজহোল্ড কানেকশন স্থাপন করা সম্ভব হয় নাই তা দ্রুত স্থাপনের কার্যক্রম গ্রহন করা হবে।

অতঃপর সভায় উপস্থিত কোয়াব এর প্রতিনিধি বলেন, মহাখালী ডিওএইচএস এলাকায় ওভারহেড ক্যাবল অপসারন করা হলেও গ্রাহক পর্যায়ে সেবা মূল্য বৃদ্ধি পেয়েছে। এককভাবে ফাইভার এট হোম সেবা প্রদান করায় মহাখালী ডিওএইচএস এলাকায় সেবা মুল্য বৃদ্ধিসহ হাউজহোল্ড কানেকশন উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে। তথ্য মন্ত্রণালয় কর্তৃক প্রতিটি টিভি সেটের বিপরীতে ক্যাবল সেবা দিতে সর্ব্বোর্চ ৩০০ টাকা নির্ধারন করা হয়েছে। এনটিটিএনগনের মাধ্যমে ক্যাবল সংযোগ দেয়া হলে তারা প্রতিটি টিভি সেটের বিপরীতে ১০০ টাকা দাবী করতে পারে। ক্যাবল অপারেটরগন তাদের জনবলসহ বিভিন্ন দাপ্তিরিক ও অন্যান্য ব্যয় নির্বাহ করে সেবা অব্যাহত রাখতে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হবার সম্ভাবনা রয়েছে। এক্ষেত্রে ক্যাবল টিভি সংযোগ ফি সহ সেবামুল্য বৃদ্ধি করা প্রয়োজন।

অতঃপর সভায় উপস্থিত আইএসপিএবি এর প্রতিনিধিগন বলেন, গুলশান এভিনিউর পাকিস্তান এম্বেসী হতে শুটিং ক্লাব পর্যন্ত সড়কের দুইপাশের সকল বাসাবাড়ীতে ফাইবার এট হোম বা সামিট কমিউনিকেশনস এর হাউজহোল্ড কানেকশন নেই। প্রতিটি বাড়ীতে হাউজহোল্ড কানেকশন স্থাপন না করে ওভারহেড ক্যাবল সমুহ অপসারন করা হলে সকল বাড়ীর মালিকগন ইন্টারনেট সেবা গ্রহন করতে পারবেন না। এক্ষেত্রে এনটিটিএন এর মাধ্যমে সকল বাসা বাড়ীতে হাউজহোল্ড কানেকশন নিশ্চিত করা প্রয়োজন। তাছাড়া সেবামুল্য নির্ধারনের জন্য বিটিআরসি বরাবরে আবেদন করা হয়েছে; যা এখনো নিস্পত্তি হয়নি। তিনি সভায় উপস্থিত বিটিআরসি'র মহাপরিচালককে এবিষয়ে কার্যক্রম গ্রহনের অনুরোধ করেন।

এপ্রসঙ্গে সভায় উপস্থিত বিটিআরসি'র মহাপরিচালক বলেন, এনটিটিএন, আইএসপিএবি কর্তৃক দাখিলকৃত সেবামুল্য নির্ধারনের কার্যক্রম চলমান রয়েছে। এবিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করা হচ্ছে। সভায় উপস্থিত এনটিটিএনগনের প্রতিনিধিগনকে তিনি দ্রুত গুলশান এভিনিউর সকল বাসা বাড়ীতে হাউজহোল্ড কানেকশন স্থাপন করার অনুরোধ করেন। তাছাড়া ডিএনসিসি'র পরিকল্পনা মোতাবেক কোয়াব এবং আইএপি গনকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য তিনি অনুরোধ করেন।

অতঃপর সভায় উত্তরাস্থ সোনারগাও জনপথ রোডে বিদ্যমান ওভারহেড ক্যাবল সমুহ মাটির নিচে স্থানান্তরের লক্ষ্যে ডিএনসিসি কর্তৃক প্রণীত একটি পাইলট প্রকল্প কাজের নকশা উপস্থাপন করা হয়। উক্ত প্রস্তাবনায় সড়কের দুইপাশে বিদ্যমান ওভারহেড ক্যাবল সমুহ সড়কের মাঝ বরাবর স্থাপিতব্য একটি পাইপের ভিতর স্থানান্তর করা হবে। মেরামত কাজের জন্য নির্ধারিত দুরত্ব পরপর পিট স্থাপন করা হবে। সংযোগ সড়ক সমুহের সাথে শাখা পাইপের মাধ্যমে সংযোগ স্থাপন করা হবে। প্রতিটি বাড়ীর পিছনে বিদ্যমান জায়গা ব্যবহার করে ক্যাবল সমুহ বাড়ীর সাথে সংযোগ স্থাপন করা হবে। এতে মুল সড়কের সামনে কোন প্রকার ওভারহেড ক্যাবল দৃশ্যমান হবে না। প্রস্তাবিত নকশা মোতাবেক কাজ বাস্তবায়িত হলে নগরীর সৌন্দর্য বৃদ্ধি পাবে মর্মে সভায় উপস্থিত সকলে একমত পোষন করেন।

অতঃপর সভাপতি সহ সভায় উপস্থিত সকল প্রতিনিধি গুলশান এভিনিউ সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে গুলশান ২ ইন্টারসেকশন এর আশেপাশের সকল বাসা বাড়ীতে এনটিটিএন-গনের হাউজহোল্ড কানেকশন দৃশ্যমান হয়নি। এপ্রসঙ্গে ফাইভার এট হোম এর প্রতিনিধি সকল বাসা বাড়ী পুনরায় পরিদর্শন করে যথাযথ ব্যবস্থা নেয়া হবে। সামিট কমিউনিকেশন এর প্রতিনিধি গুলশান এভিনিউর সকল বাসা বাড়ীতে হাউজহোল্ড কানেকশন দেয়ার লক্ষ্যে ডিএনসিসি হতে সড়ক খননের অনুমতি প্রয়োজন মর্মে উল্লেখ করলে সভাপতি যথাযথ নিয়মে আবেদন করার অনুরোধ করেন। মহাখালী ডিওএইচএস এ বিদ্যমান সেবার মত সকল সুবিধা গুলশান এভিনিউ এ প্রদানের জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। আগামী ০১ অক্টোবর ২০২০ ইং তারিখের মধ্যে গুলশান এভিনিউর সকল ওভারহেড ক্যাবল মাটির নিচে স্থানান্তরের লক্ষ্যে ১৫ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে গুলশান এভিনিউর সকল বাসা বাড়ীতে হাউজহোল্ড কানেকশন স্থাপন করার জন্য এনটিটিএনগনকে অনুরোধ করা হয়।

২.০ সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনা ও সাইট পরিদর্শন শেষে সভায় নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয় ঃ

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.১	আগামী ১৫ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে গুলশান এভিনিউর সকল বাসা বাড়ীতে হাউজহোল্ড কানেকশন স্থাপন করতে হবে।	সামিট কমিউনিকেশন লিঃ ফাইবার এট হোম বাহন লিঃ
২.২	গ্রাহক পর্যায়ে সেবা মূল্য বৃদ্ধি না করে আগামী ০১ অক্টোবর ২০২০ ইং তারিখের মধ্যে গুলশান এভিনিউ এর পাকিস্তান এম্বেসি হতে গুলশান শুটিং ক্লাব পর্যন্ত প্রধান সড়কে বিদ্যমান সকল ওভারহেড ক্যাবল মাটির নিচে স্থানান্তর করতে হবে।	সামিট কমিউনিকেশন লিঃ ফাইবার এট হোম বাহন লিঃ কোয়াব আইএসপিএবি
২.৩	বিটিআরসি কর্তৃক মুল্য নির্ধারন না করা পর্যন্ত গুলশান এভিনিউ এর দুইপাশের ভবনের জন্য মহাখালী ডিওএইচএস এর অনুরুপ সেবামুল্য ও সুবিধাদি নিশ্চিত করতে হবে।	সামিট কমিউনিকেশন লিঃ ফাইবার এট হোম বাহন লিঃ কোয়াব আইএসপিএবি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষনা করেন।

18.08.2020

(ব্রিঃ জেনাঃ মুহঃ আমিরুল ইসলাম, পিএসসি)
প্রধান প্রকৌশলী
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।